Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

# DU in Media

২২ পৌষ ১৪৩১

06 January 2025

## দৈনিক বর্তমান



পড়াশোনায় অসাধারণ সাফল্যের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ এবং সমাজবিজ্ঞান বিভাগের ২০ জন মেধাবী শিক্ষার্থী 'অধ্যাপক ড. গোলাম এম মাতবর ট্রাস্টি ফান্ড' বৃত্তি লাভ করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান রোববার রবিবার উপাচার্যের সভাকক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন। ছবিতে অতিথিদের সঙ্গে বৃত্তিপ্রাপ্তরা -বর্তমান

### ট্রাস্ট ফান্ড বৃত্তি পেলেন ঢাবি'র ২০ শিক্ষার্থী

ঢাবি প্রতিনিধি

পড়াশোনায় অসাধারণ সাফল্যের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ এবং সমাজবিজ্ঞান বিভাগের ২০ জন মেধাবী শিক্ষার্থী 'অধ্যাপক ড. গোলাম এম মাতবর ট্রাস্ট ফান্ড' বৃত্তি লাভ করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান রোববার রবিবার উপাচার্যের সভাকক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে

এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

### ট্রাস্ট ফান্ড বৃত্তি পেলেন

উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

এসময় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক মিসেস রাশেদা ইরশাদ নাসির, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মো. গোলাম আজম, ইনস্টিটিউটের অধ্যাপক ড. মো. রবিউল ইসলাম এবং ট্রাস্ট ফান্ডের দাতা যুক্তরাষ্ট্রের মনমাউথ বিশ্ববিদ্যালয়-এর অধ্যাপক ড. গোলাম এম মাতবর উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বৃত্তিপ্রাপ্তদের অভিনন্দন জানিয়ে বলেন, বৃত্তি প্রদানের মাধ্যমে অসাধারণ ফলাফল অর্জনকারী শিক্ষার্থীদের সাফল্যকে স্বীকৃতি দেওয়া হচ্ছে। এ ধরনের বৃত্তির মাধ্যমে শিক্ষার্থীরা অনুপ্রাণিত হবে বলে তিনি আশা প্রকাশ করেন। অনুদানের জন্য তিনি ট্রাস্ট ফান্ডের দাতাকে ধন্যবাদ জানান।

বৃত্তিপ্রাপ্তরা হলেন, আফসানা শিশির আশা, ওবায়েত হোসেন, খান মোহাম্মদ সামসুদ্দোজা, মো. সাজিদুল ইসলাম রিয়াদ, মোছা: সুমাইয়া সারোয়ার, মো. জাকারিয়া আহমেদ জুনায়েদ, মো. মাহবুব আলম খান রাব্বি, নব কুমার রায়, সাদিয়া ফারহান, রাবেয়া খানম জেরিন, মোছা: সোনিয়া আফরিন, পল্লব মিয়া, সাদিয়া আফরিন এনি, সানজিদা আকতার, মো. রবিন খান, মো. তারেক রহমান, জয়া সেন, জাহিদ হাসান, মোছা. সাবিনা ইয়াসমিন এবং মহসিন মিয়া।

## জনকণ্ঠ

### ঢাবির ট্রাস্ট ফান্ড বৃত্তি পেলেন ২০ শিক্ষার্থী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ পড়াশোনায় অসাধারণ সাফল্যের জন্য অধ্যাপক ড. গোলাম এম মাতবর ট্রাস্ট ফান্ড বৃত্তি পেয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ এবং সমাজবিজ্ঞান বিভাগের ২০ জন শিক্ষার্থী। রবিবার উপাচার্যের সভাকক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে ঢাবির উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

এ সময় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক মিসেস রাশেদা ইরশাদ নাসির, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মো. গোলাম আজম, ইনস্টিটিউটের অধ্যাপক ড. মো. রবিউল ইসলাম এবং ট্রাস্ট ফান্ডের দাতা যুক্তরাষ্ট্রের মনমাউথ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. গোলাম এম মাতবর উপস্থিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বৃত্তিপ্রাপ্তদের অভিনন্দন জানিয়ে বলেন, বৃত্তি প্রদানের মাধ্যমে অসাধারণ ফলাফল অর্জনকারী শিক্ষার্থীদের সাফল্যকে স্বীকৃতি দেওয়া হচ্ছে। এ ধরনের বৃত্তির মাধ্যমে শিক্ষার্থীরা অনুপ্রাণিত হবে বলে তিনি আশা প্রকাশ করেন। অনুদানের জন্য তিনি ট্রাস্ট ফান্ডের দাতাকে ধন্যবাদ জানান।

বৃত্তিপ্রাপ্তরা হলেন- আফসানা শিশির আশা, ওবায়েত হোসেন, খান মোহাম্মদ সামসুদ্দোজা, মো. সাজিদুল ইসলাম রিয়াদ, মোছা. সুমাইয়া সারোয়ার, মো. জাকারিয়া আহমেদ জুনায়েদ, মো. মাহবুব আলম খান রাব্বি, নব কুমার রায়, সাদিয়া ফারহান, রাবেয়া খানম জেরিন, মোছা. সোনিয়া আফরিন, পল্লব মিয়া, সাদিয়া আফরিন এনি, সানজিদা আকতার, মো. রবিন খান, মো. তারেক রহমান, জয়া সেন, জাহিদ হাসান, মোছা. সাবিনা ইয়াসমিন এবং মহসিন মিয়া।

## আমার দেশ

### ট্রাস্ট ফান্ড বৃত্তি পেলেন ঢাবির ২০ শিক্ষার্থী

ঢাবি প্রতিনিধি

পড়াশোনায় অসাধারণ সাফল্যের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ ও সমাজবিজ্ঞান বিভাগের ২০ শিক্ষার্থীকে 'অধ্যাপক ড. গোলাম এম মাতবর ট্রাস্ট ফান্ড' বৃত্তি প্রদান করা হয়েছে।

গতকাল রোববার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান উপাচার্য সভাকক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বৃত্তিপ্রাপ্তদের অভিনন্দন জানিয়ে বলেন, বৃত্তি প্রদানের মাধ্যমে অসাধারণ ফলাফল অর্জনকারী শিক্ষার্থীদের সাফল্যকে স্বীকৃতি দেওয়া হচ্ছে। এ ধরনের বৃত্তির মাধ্যমে শিক্ষার্থীরা অনুপ্রাণিত হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

এ সময় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক মিসেস রাশেদা ইরশাদ নাসির, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মো. গোলাম আজম উপস্থিত ছিলেন।

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- আফসানা শিশির আশা, ওবায়েত হোসেন, খান মোহাম্মদ সামসুদ্দোজা, মো. সাজিদুল ইসলাম রিয়াদ, মোছা. সুমাইয়া সারোয়ার, মো. জাকারিয়া আহমেদ জুনায়েদ, মো. মাহবুব আলম খান রাব্বি, নব কুমার রায়, সাদিয়া ফারহান, রাবেয়া খানম জেরিন, মোছা. সোনিয়া আফরিন, পল্লব মিয়া, সাদিয়া আফরিন এনি, সানজিদা আকতার, মো. রবিন খান, মো. তারেক রহমান, জয়া সেন, জাহিদ হাসান, মোছা. সাবিনা ইয়াসমিন এবং মহসিন মিয়া।

# দৈনিক আমাদের বার্তা

# ট্রাস্ট ফান্ড বৃত্তি পেলেন ঢাবির ২০ শিক্ষার্থী

■ আমাদের বার্তা, ঢাবি

পড়াশোনায় সাফল্যের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ ও সমাজবিজ্ঞান বিভাগের ২০ জন শিক্ষার্থী 'অধ্যাপক ড. গোলাম এম মাতবর ট্রাস্ট ফান্ড' বৃত্তি পেয়েছেন। গতকাল রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সভাকক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে আয়োজন করা হয়েছে। এতে প্রধান অতিথি থেকে উপাচার্য শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

এ সময় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক মিসেস রাশেদা ইরশাদ নাসির, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মো. গোলাম আজম, ইনস্টিটিউটের অধ্যাপক ড. মো. রবিউল ইসলাম এবং ট্রাস্ট ফান্ডের দাতা যুক্তরাষ্ট্রের মনমাউথ বিশ্ববিদ্যালয়-এর অধ্যাপক ড. গোলাম এম মাতবর উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বৃত্তিপ্রাপ্তদের অভিনন্দন জানিয়ে বলেন, বৃত্তি দেয়ার মাধ্যমে অসাধারণ ফলাফল অর্জনকারী শিক্ষার্থীদের সাফল্যকে স্বীকৃতি দেয়া হচ্ছে। এ ধরনের বৃত্তির মাধ্যমে শিক্ষার্থীরা অনুপ্রাণিত হবে বলে তিনি আশা প্রকাশ করেন। অনুদানের জন্য তিনি ট্রাস্ট ফান্ডের দাতাকে ধন্যবাদ জানান।

বৃত্তিপ্রাপ্তরা হলেন, আফসানা শিশির আশা, ওবায়েত হোসেন, খান মোহাম্মদ সামসুদ্দোজা, মো. সাজিদুল ইসলাম রিয়াদ, মোছা. সুমাইয়া সারোয়ার, মো. জাকারিয়া আহমেদ জুনায়েদ, মো. মাহবুব আলম খান রাব্বি, নব কুমার রায়, সাদিয়া ফারহান, রাবেয়া খানম জেরিন, মোছা. সোনিয়া আফরিন, পল্লব মিয়া, সাদিয়া আফরিন এনি, সানজিদা আকতার, মো. রবিন খান, মো. তারেক রহমান, জয়া সেন, জাহিদ হাসান, মোছা. সাবিনা ইয়াসমিন ও মহসিন মিয়া।

# আমার দেশ




ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগের কারেন্ট ট্রেন্ডস ইন অ্যারাবিক ল্যাংগুয়েজ অ্যান্ড লিটারেরি স্টাডিজ শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনে বক্তব্য দেন উপাচার্য ড. নিয়াজ আহমদ খান © আমার দেশ

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২২ পৌষ ১৪৩১

DU in Media

06 January 2025

জনকণ্ঠ

সংস্কৃতি সংবাদ

# চারুকলা অনুষদের ছাপচিত্র বিভাগের বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী

সংস্কৃতি প্রতিবেদক ॥ তারা সকলেই শিল্পিত পথের পথিক। দীক্ষা নিচ্ছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের ছাপচিত্র বিভাগে। সেই সুবাদে অহর্নিশ নিমজ্জিত থাকেন সৃজনশীলতার ভুবনে। তাত্ত্বিক জ্ঞানলাভের সমান্তরালে ছাপচিত্রের নানা মাধ্যমে রাঙিয়ে তোলেন ক্যানভাস। কাঠখোদাই থেকে এচিং কিংবা পেন্সিল স্কেচ থেকে লিথোগ্রাফি মাধ্যমের আশ্রয়ে ছবি আঁকেন। বছরজুড়ে চিত্রিত সেসব চিত্রকর্ম এখন শোভা পাচ্ছে চারুকলা অনুষদের জয়নুল গ্যালারিতে। সেসব ছবিতে মূর্ত হয়েছে বিবিধ বিষয়। তার মধ্যে বিষয় হিসেবে উঠে এসেছে ফিলিস্তিনের নিরস্ত্র জনগোষ্ঠীর ওপর ইসরাইলি আগ্রাসনের নির্মমতা। ইসরাইলিদের চালানো গণহত্যার বীভৎসতার সাক্ষ্য দিচ্ছে ওই ক্যানভাস। কোনো চিত্রপটে আবার উদ্ভাসিত হয়েছে চারপাশের চেনা জগত। রয়েছে স্টিল

(১৫ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)



ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের জয়নুল গ্যালারিতে ছাপচিত্র বিভাগের বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনীর ছবি দেখছেন দর্শনার্থীরা
–জনকণ্ঠ

## চারুকলা অনুষদের

(১৮-এর পৃষ্ঠার পর)

লাইফনির্ভর ছবি। আছে গ্রামীণ জীবনের প্রতিচ্ছবিময় চিত্রকর্ম। সেই সুবাদে দেখা মেলে ফসলের মাঠে কৃষকের ধান কাটার দৃশ্যকল্প। এছাড়া বিমূর্ত ধারার সঙ্গে নিরীক্ষাধর্মী চিত্রকর্ম ঠাঁই পেয়েছে প্রদর্শালয়ের দেওয়ালে। অনুষদের প্রিন্টমেকিং বিভাগের শিক্ষার্থীদের এসব ছবি নিয়ে চলছে বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী।

রবিবার দুপুরে এই শিল্পায়োজনের সূচনা হয়। প্রদর্শনীর পাশাপাশি ছাপচিত্র বিভাগের শিক্ষার্থীদের অনুপ্রেরণা জোগাতে ২০২৩ ও ২০২৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের বিভিন্ন মাধ্যমের ১৬টি শিল্পকর্মকে বিভিন্ন অর্থমূল্যের পুরস্কার প্রদান করা হয়। অনুষদের ওসমান জামাল মিলনায়তনে প্রদর্শনীর উদ্বোধনী আনুষ্ঠানিকতা ও পুরস্কার প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপত ড. মামুন আহমেদ। বিশেষ অতিথির বক্তব্য দেন প্রিন্টমেকিং বিভাগের অনারারি অধ্যাপক সৈয়দ আবুল বারক আলভী, শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান অধ্যাপক মোস্তাফিজুল হক এবং শিল্পগুরু সফিউদ্দীফন আহমেদ স্মৃতি সংগ্রহশালা ও সফিউদ্দীন শিল্পালয়ের প্রতিষ্ঠাতা শিল্পী আহমেদ নাজির। সভাপতিত্ব করেন অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আজহারুল ইসলাম শেখ। এ সময় উপস্থিত ছিলেন বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনীর আহ্বায়ক অধ্যাপক মো. আনিসুজ্জামান এবং এবং প্রিন্টমেকিং বিভাগের চেয়ারম্যান আসমিতা আলম শাম্মী।

ছাপচিত্রের বিভিন্ন মাধ্যমের মধ্যে সেরা নিরীক্ষাধর্মী কাজের জন্য ৫০ হাজার টাকা মূল্যমানের ১০২৪ সালের শিল্পগুরু সফিউদ্দীন আহমেদ অ্যাওয়ার্ড পেয়েছেন আবু-আল-নাঈম। একই শাখায় সমমূল্যের সম্মানীর ২০২৩ সালের পুরস্কার পেয়েছেন ঋতুপর্ণা তালুকদার সাথী। শিল্পী মোহাম্মদ কিবরিয়ার নামাংকিত নিরীক্ষাধর্মী কাজের জন্য ৩০ হাজার টাকা মূল্যমানের ২০২৪ ও ২০২৩ সালের পুরস্কার পেয়েছেন সৈকত আহমেদ ও সুমাইয়া সানজিন। ২০২৪ ও ২০২৩ সালের শিল্পী মাহমুদুল হক অ্যাওয়ার্ড পেয়েছেন ইস্তিনারাহ সুরাত নুবাহ ও সাহদেব বিশ্বাস। রিলিফ প্রসেস মাধ্যম আশ্রিত ২০২৪ ও ২০২৩ সালের শ্রেষ্ঠ শিল্পীর পুরস্কার পেয়েছেন মিফতাহুল জান্নাত নাবেরি ও ফয়জুর রহমান ফিরোজ। এছাড়া ২০২৪ ও ২০২৩ সালের শিক্ষার্থীদের মধ্যে বিভিন্ন মাধ্যমের কাজের জন্য পুরস্কার পেয়েছেন আরিফা জাহান স্বর্ণা, জয় চাকমা, শান্তা ইসলাম মিম, তাজরিবা আক্তার, সৌমিক ঘোষ, উম্মে হাফসা, মেজবাহ ইসলাম ও পিনাক চক্রবর্তী দাস।

উদ্বোধনী আনুষ্ঠানিকতায় বক্তারা বলেন, শিল্পাচার্য জয়নুল আবেদিন ছাপচিত্র বিভাগের প্রতিষ্ঠাতা শিল্পগুরু সফিউদ্দীনকে সাথে নিয়ে ১৯৪৮ সালে গড়ে তোলেন চারুকলা অনুষদ। সেই বাস্তবতায় ছাপচিত্র বিভাগ প্রতিষ্ঠার পর থেকেই ক্রমশ উৎকর্ষতা অর্জন করছে এদেশের ছাপাই ছবি। আর ছাপচিত্র বিভাগের এই বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী শিক্ষার্থীদের আগামী সম্ভাবনাকে মেলে ধরছে। শিক্ষার্থীদের কাজকে উত্তরোত্তর সমৃদ্ধির পথে ধাবিত করতে এই শিল্পায়োজনটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। কারণ, এই প্রদর্শনীর মাধ্যমে শিক্ষার্থীরা নিজেদের সৃজিত শিল্পকর্ম সকলের সামনে উপস্থাপনের সুযোগ পাচ্ছে। ফলশ্রুতিতে তাদের ভেতর ভালো কিছু করার কিংবা নিজেকে ছাপিয়ে যাওয়ার প্রচেষ্টাটি অব্যাহত থাকবে

ছাপচিত্র বিভাগের ২০২৩ ও ২০২৪ সালের শিক্ষার্থীদের বাছাইকৃত শিল্পকর্ম নিয়ে সজ্জিত হয়েছে এই শিল্পায়োজন। সব মিলিয়ে ঠাঁই পেয়েছে ১৯০টি শিল্পকর্ম। আগামী ৯ জানুয়ারি পর্যন্ত চলবে এই প্রদর্শনী। প্রতিদিন সকাল ১১টা থেকে সন্ধ্যা সাতটা পর্যন্ত দর্শনার্থীদের জন্য উন্মুক্ত থাকবে।

## The Daily Observer

# DU to build 'Bangladesh-China Friendship Hall' to ease abode crisis

**DU Correspondent**

Dhaka University (DU) has announced plans to construct a new hall named the "Bangladesh-China Friendship Hall" to address the long-standing shortage of space for female students.

On Sunday, the initiative was confirmed in a statement issued by the university's public relations office.

According to the statement, the project, valued at BDT 244 crore (BDT 2.44 billion), will be financed by the Chinese government. Currently, the plan is under review for approval by the relevant ministry.

The DU administration asserted its commitment to resolving the accommodation problems faced by female students. Measures taken to address these issues include the provision of bunk beds in the existing hostels.

## নয়া দিগন্ত

# ঢাবিতে ২৪৪ কোটি টাকা ব্যয়ে ছাত্রী হল নির্মাণের উদ্যোগ

**ঢাবি প্রতিনিধি**

আবাসন সঙ্কট নিরসনের লক্ষ্যে একটি ছাত্রী হল নির্মাণের উদ্যোগ নিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) প্রশাসন। গতকাল রোববার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়। বিবৃতিতে বলা হয়, চীন সরকারের আর্থিক সহযোগিতায় ২৪৪ কোটি টাকা ব্যয়ে প্রস্তাবিত 'বাংলাদেশ-চীন মৈত্রী হল নির্মাণ প্রকল্পটি' বর্তমানে মন্ত্রণালয়ে অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

বিবৃতিতে আরো বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের আবাসন সঙ্কট নিরসনের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় প্রশাসন অত্যন্ত আন্তরিকভাবে কাজ করে যাচ্ছে। বিভিন্ন ছাত্রী হলে বাঙ্কার বেড স্থাপনের মাধ্যমে ইতোমধ্যেই বেশকিছু ছাত্রীর আবাসনের ব্যবস্থা করা হয়েছে। বিশ্ব ব্যাংকের 'এইচইএটি' প্রজেক্টের আওতায় ছাত্রছাত্রীদের জন্য আবাসন বৃত্তি চালুর বিষয়টিও বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে। আগামী শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে যেসব ছাত্রছাত্রী ভর্তি হবে, তারা এ বৃত্তির আওতায় আসবে বলে আশা করা যাচ্ছে।

## ইত্তেফাক

# চীনের আর্থিক সহযোগিতায় ঢাবিতে নতুন ছাত্রী হল নির্মাণের উদ্যোগ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসন আবাসন সংকট সমাধানের জন্য একটি নতুন ছাত্রী হল নির্মাণের উদ্যোগ গ্রহণ করেছে। রবিবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের পক্ষ থেকে গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়।

বিবৃতিতে বলা হয়, চীন সরকারের আর্থিক সহযোগিতায় ২৪৪ কোটি টাকা ব্যয়ে প্রস্তাবিত 'বাংলাদেশ-চীন মৈত্রী হল নির্মাণ প্রকল্পটি' বর্তমানে মন্ত্রণালয়ে অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

বিবৃতিতে আরো বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রীদের আবাসন সংকট নিরসনের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় প্রশাসন অত্যন্ত আন্তরিকভাবে কাজ করে যাচ্ছে। বিভিন্ন ছাত্রী হলে বাঙ্ক বেড স্থাপনের মাধ্যমে ইতিমধ্যেই বেশ কিছু ছাত্রীর আবাসনের ব্যবস্থা করা হয়েছে।

বিবৃতিতে আরো বলা হয়, বিশ্ব ব্যাংকের 'এইচইএটি' প্রজেক্টের আওতায় ছাত্রছাত্রীদের জন্য আবাসন বৃত্তি চালুর বিষয়টিও বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে। আগামী শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে যেসব ছাত্রছাত্রী ভর্তি হবে, তারা এই বৃত্তির আওতায় আসবে বলে আশা করা যাচ্ছে।

## খবরের কাগজ

# ঢাবিতে বাংলাদেশ-চীন মৈত্রী হল নির্মাণের উদ্যোগ

**ঢাবি প্রতিনিধি**

চীন সরকারের সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) ২৪৪ কোটি টাকা ব্যয়ে বাংলাদেশ-চীন হল নির্মাণের উদ্যোগের কথা জানিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। গতকাল রবিবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে নতুন হল নির্মাণের বিষয়টি জানানো হয়।

এতে উল্লেখ করা হয়, চীন সরকারের আর্থিক সহযোগিতায় ২৪৪ কোটি টাকা ব্যয়ে প্রস্তাবিত 'বাংলাদেশ-চীন মৈত্রী হল নির্মাণ প্রকল্পটি' বর্তমানে মন্ত্রণালয়ে অনুমোদনের অপেক্ষায় রয়েছে। এ ছাড়া বিশ্বব্যাংকের হিট প্রজেক্টের আওতায় শিক্ষার্থীদের জন্য আবাসন বৃত্তি চালুর বিষয়টিও বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে। আগামী শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে যারা ভর্তি হবেন, তারা এ বৃত্তির আওতায় আসবেন।

এদিকে নারী শিক্ষার্থীদের শতভাগ আবাসিকীকরণ দাবিতে উপাচার্যের বাসভবনের সামনে অবস্থান কর্মসূচি ও প্রতীকী অনশনে বসার ঘোষণা দিয়েছেন বিশ্ববিদ্যালয়ের একদল শিক্ষার্থী। আজ সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত এ কর্মসূচি চলবে বলে জানা গেছে। এর আগে নারী শিক্ষার্থীদের জন্য শতভাগ আবাসিকীকরণ চাবিতে সাত দফা দাবিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে স্মারকলিপি দেন তারা। এতে ইতিবাচক সাড়া না পাওয়ায় দাবি পূরণে উপাচার্যের বাসভবনের সামনে প্রতীকী অনশনে বসার সিদ্ধান্ত নিয়েছেন শিক্ষার্থীরা।

## কালের কণ্ঠ

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে হচ্ছে নতুন ছাত্রী হল

**ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

ঢাকা বিশ্ববিদ্যালয়ে আবাসন সংকট নিরসনের লক্ষ্যে ছাত্রীদের জন্য নতুন একটি হল নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছে। গতকাল রবিবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। চীন সরকারের আর্থিক সহযোগিতায় ২৪৪ কোটি টাকা ব্যয়ে প্রস্তাবিত 'বাংলাদেশ-চীন মৈত্রী হল নির্মাণ প্রকল্পটি' বর্তমানে মন্ত্রণালয়ে অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রীদের আবাসন সংকট নিরসনের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় প্রশাসন অত্যন্ত আন্তরিকভাবে কাজ করে যাচ্ছে। বিভিন্ন ছাত্রী হলে বাঙ্ক বেড স্থাপনের মাধ্যমে এরই মধ্যে বেশ কিছু ছাত্রীর আবাসনের ব্যবস্থা করা হয়েছে। এ ছাড়া, বিশ্বব্যাংকের প্রজেক্টের আওতায় ছাত্র-ছাত্রীদের জন্য আবাসন বৃত্তি চালুর বিষয়টিও বর্তমানে প্রক্রিয়াধীন।

## ইনকিলাব

# ২৪৪ কোটি ব্যয়ে ঢাবিতে ছাত্রী হল নির্মাণের উদ্যোগ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ছাত্রীদের আবাসন সংকট নিরসনের লক্ষ্যে ২৪৪ কোটি টাকা ব্যয়ে একটি ছাত্রী হল নির্মাণের উদ্যোগ নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। গতকাল রোববার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর থেকে গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে এমন তথ্য জানানো হয়েছে।

বিবৃতিতে বলা হয়, চীন সরকারের আর্থিক সহযোগিতায় ২৪৪ কোটি টাকা ব্যয়ে প্রস্তাবিত 'বাংলাদেশ-চীন মৈত্রী হল নির্মাণ প্রকল্পটি' বর্তমানে মন্ত্রণালয়ে অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

বিবৃতিতে আরও বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয় পৃঃ ১১ কঃ ৪

ছাত্রীদের আবাসন সংকট নিরসনের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় প্রশাসন অত্যন্ত আন্তরিকভাবে কাজ করে যাচ্ছে। বিভিন্ন ছাত্রী হলে বাঙ্ক বেড স্থাপনের মাধ্যমে ইতোমধ্যেই বেশ কিছু ছাত্রীর আবাসনের ব্যবস্থা করা হয়েছে।

বিবৃতিতে জানানো হয়, বিশ্ব ব্যাংকের 'এইচইএটি' প্রজেক্টের আওতায় ছাত্র-ছাত্রীদের জন্য আবাসন বৃত্তি চালুর বিষয়টিও বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে। আগামী শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে যেসব ছাত্র-ছাত্রী ভর্তি হবে, তারা এই বৃত্তির আওতায় আসবে বলে আশা করা যাচ্ছে।

এর আগে গত ২৯ ডিসেম্বর ২০২৪ বিশ্ববিদ্যালয়ের নারী শিক্ষার্থীদের শতভাগ আবাসিকীকরণের লক্ষ্যে ৭ দাবিতে বিশ্ববিদ্যালয়ের ভিসি বরাবর একটি স্মারকলিপি প্রদান করে শিক্ষার্থীরা।

শিক্ষার্থীদের দাবিগুলো হলো- ১. প্রথম বর্ষেই শতভাগ শিক্ষার্থীর জন্য আবাসন ব্যবস্থা নিশ্চিত করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। ২. অবিলম্বে গণরুম বিলুপ্ত করা। অমানবিক ও অস্বাস্থ্যকর গণরুমপ্রথা তুলে নিয়ে পর্যাপ্ত আবাসন ব্যবস্থা নিশ্চিত করতে হবে। ৩. নতুন ছাত্রী হল চালু না হওয়া পর্যন্ত ছাত্রীদের অস্থায়ী আবাসনের ব্যবস্থা করা। প্রয়োজনে বিশ্ববিদ্যালয়ের মালিকানাধীন ভবনে বা ক্যাম্পাসের পার্শ্ববর্তী এলাকায় বিল্ডিং ভাড়া নিয়ে ছাত্রীদের অস্থায়ী আবাসনের ব্যবস্থা করতে হবে। এ বিষয়ে দ্রুত প্রশাসনের বিজ্ঞপ্তি প্রদান ও নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ শেষ করার ঘোষণা দিতে হবে।

৪. ছাত্রীদের নতুন হল বাধ্যতামূলকভাবে মূল ক্যাম্পাসের ভেতরেই নির্মাণ করা এবং দ্রুত নির্মাণ কাজ দৃশ্যমান করতে হবে। ৫. অনতিবিলম্বে অনাবাসিক ছাত্রীদের হলে প্রবেশের সুবিধা নিশ্চিত করতে হবে। বিশ্ববিদ্যালয়ের অনাবাসিক ছাত্রীদের হল কার্ড জমাদানপূর্বক নির্দিষ্ট সময় পর্যন্ত যেকোনো হলে প্রবেশ এবং ডাইনিংসহ অন্যান্য সুবিধা গ্রহণের অনুমতি দিতে হবে। ৬. ক্রমান্বয়ে প্রতিটি হলে ডাবলিং ব্যবস্থা তুলে দিয়ে শিক্ষার্থীদের আবাসনের সুব্যবস্থা নিশ্চিত করতে হবে। ৭. নতুন ভবনে স্থানান্তরের মাধ্যমে মৈত্রী এবং বঙ্গমাতা হলকে ধারাবাহিকভাবে মূল ক্যাম্পাসে স্থানান্তর করতে হবে।

## প্রথম আলো

# ছাত্রী হল নির্মাণের পরিকল্পনা জানাল ঢাবি কর্তৃপক্ষ

**নিজস্ব প্রতিবেদক,** *ঢাকা*

চীন সরকারের আর্থিক সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) ছাত্রীদের জন্য নতুন একটি হল নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। তবে এই হল নির্মাণের প্রস্তাবিত প্রকল্পটি বর্তমানে সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুমোদনের অপেক্ষায় রয়েছে। হলটির প্রস্তাবিত নাম 'বাংলাদেশ-চীন মৈত্রী হল'।

গতকাল রোববার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর। এ ছাড়া বিশ্বব্যাংকের একটি প্রকল্পের আওতায় শিক্ষার্থীদের জন্য আবাসন বৃত্তি চালুর বিষয় প্রক্রিয়াধীন বলেও বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের আবাসন-সংকট নিরসনের লক্ষ্যে একটি ছাত্রী হল নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছে। চীন সরকারের আর্থিক সহযোগিতায় ২৪৪ কোটি টাকা ব্যয়ে প্রস্তাবিত 'বাংলাদেশ-চীন মৈত্রী হল নির্মাণ প্রকল্পটি' বর্তমানে মন্ত্রণালয়ে অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

ছাত্রীদের আবাসন-সংকট নিরসনের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় প্রশাসন আন্তরিকভাবে কাজ করে যাচ্ছে উল্লেখ করে বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, বিভিন্ন ছাত্রী হলে বাঙ্ক বেড স্থাপনের মাধ্যমে ইতিমধ্যে বেশ কিছু ছাত্রীর আবাসনের ব্যবস্থা করা হয়েছে। এ ছাড়া বিশ্বব্যাংকের এইচইএটি (হায়ার এডুকেশন একসালেরেশন অ্যান্ড ট্রান্সফরমেশন) প্রকল্পের আওতায় শিক্ষার্থীদের জন্য আবাসন বৃত্তি চালুর বিষয়টিও বর্তমানে প্রক্রিয়াধীন।

## দৈনিক আমাদের বার্তা

# ঢাবিতে একটি ছাত্রী হল নির্মাণের উদ্যোগ

■ আমাদের বার্তা ,ঢাবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ছাত্রীদের আবাসন সংকট নিরসনের লক্ষ্যে একটি ছাত্রী হল নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

চীন সরকারের আর্থিক সহযোগিতায় ২৪৪ কোটি টাকা ব্যয়ে প্রস্তাবিত 'বাংলাদেশ-চীন মৈত্রী হল নির্মাণ প্রকল্পটি' বর্তমানে মন্ত্রণালয়ে অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রীদের আবাসন সংকট নিরসনের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় প্রশাসন অত্যন্ত আন্তরিকভাবে কাজ করে যাচ্ছে।

বিভিন্ন ছাত্রী হলে বাঙ্ক বেড স্থাপনের মাধ্যমে ইতোমধ্যেই বেশ কিছু ছাত্রীর আবাসনের ব্যবস্থা করা হয়েছে।

এছাড়া, বিশ্ব ব্যাংকের HEAT প্রজেক্টের আওতায় শিক্ষার্থীদের জন্য আবাসন বৃত্তি চালুর বিষয়টিও বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে।